

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৫, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ২০ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ/৪ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩০৬-আইন/২০২৪/কাস্টমস।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের এর প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত H.S. Code এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যের আমদানির ক্ষেত্রে উহার উপর আরোপণীয় কাস্টমস শুল্ক ২৫% (পঁচিশ শতাংশ) হইতে হ্রাস করিয়া ১৫% (পনেরো শতাংশ) নির্ধারণ করিল এবং সমুদয় রেগুলেটরি শুল্ক প্রদান হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
07.01	0701.90.19	Other Potatoes, Fresh, Nes

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ইহা ৩০ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ  
সচিব  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ২৪৮৪৩ )

মূল্য : টাকা ৪.০০